# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ সাবাহ তার গ্রামের দারিদ্র্য সমস্যা সমাধানের উদ্যোগ নিয়েছেন। এক্ষেত্রে তিনি দারিদ্র্যের কারণ ও প্রভাব সম্পর্কে বিস্তারিত জানার পাশাপাশি দারিদ্র্যের প্রতি মানুষের মনোভাব এবং এ থেকে উত্তরণে মানুষের আগ্রহ জানার চেষ্টা করেন। তিনি একটি প্রতিষ্ঠানের অধীনে তার কাজটি সম্পন্ন করছেন। তিনি আশা করছেন কাজে সমন্বয় থাকলে তিনি অবশ্যই সফল হবেন।

ক. সমাজকর্ম কী? ১

খ. সমাজকর্মকে সক্ষমকারী পেশা হিসেবে অভিহিত করা হয় কেন? ২

গ. সাবাহ এর কাজে সমাজকর্মের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সাবাহ দারিদ্র্য সমস্যা সমাধানের জন্য যে উদ্যোগ গ্রহণ করেছেন সে ক্ষেত্রে সমাজকর্মের গুরুত্ব আছে কী? আলোচনা করো। ৪

২. ▶ ইসা তার গ্রামের একটি কলেজ থেকে এইচ.এস.সি পাস করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। ক্লাসের অনেকেই তাকে গ্রাম্যরুচির মেয়ে মনে করে। তবে অতি সত্ত্বরই সে হলে থেকে হলের মেয়েদের মতো আধুনিক রুচিসম্পন্ন পোশাক ব্যবহার শুরু করে। এখন তার বন্ধুর সংখ্যা অনেক বেশি। নতুন পরিবেশে এখন ইসা সহজেই খাপ খাওয়াতে পারছে।

ক. শিল্প বিপ্লব কী? ১

খ. শিশু কিশোরদের সামাজিকীকরণ ব্যাহত হয় কেন? ২

গ. ইসার জীবনে কিসের প্রভাব পরিলক্ষিত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ইসা নতুন পরিবেশের সংস্পর্শেই আধুনিক রুচিসম্পন্ন ব্যক্তিত্বের অধিকারী হয়েছে- বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৩. ▶ রোকেয়া একজন সমাজকর্মী। স্বামী পরিত্যক্তা মহিলাদের নিয়ে তিনি কাজ করেন। তার অন্যতম সেবা গ্রহণকারী মনোয়ারা বেগম তার দাম্পত্য জীবনের অনেক গোপন কথা রোকেয়াকে বলেন। রোকেয়া বিষয়টি গোপন রাখেন। মনোয়ারা বেগম নিজের চেষ্টায় একটি হাঁস, মুরগির খামার গড়ে তুলেছেন। এ কাজটি রোকেয়া অত্যন্ত শ্রদ্ধার চোখে দেখেন।

ক. আত্মনিয়ন্ত্রণ অধিকার কাকে বলে? ১

খ. সমাজকর্মে সেবার প্রতি গুরুত্ব দেওয়া হয় কেন? ২

গ. উদ্দীপকে মনোয়ারা বেগম সেবা প্রদান করতে গিয়ে সমাজকর্মী রোকেয়া কোন কোন মূল্যবোধের পরিচয় দিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. একজন সমাজকর্মী হিসেবে রোকেয়ার আর কী ধরনের মূল্যবোধ থাকা প্রয়োজন- পাঠ্যবইয়ের আলোকে তা বিশ্লেষণ করো। ৪

৪. ▶ জমিদার রাজনারায়ণ একজন ধর্মভীরু মানুষ ছিলেন। ধর্মীয় কাজে দু'হাত খুলে দান করতে তিনি পছন্দ করতেন। জীবনের শেষ পর্যায়ে তিনি তার সম্পত্তির এক চতুর্থাংশ দেবোত্তর করেছেন। এতে তার সন্তানরা খুব অসন্তুষ্ট হয়েছে।

ক. লঙ্গরখানা কী? ১

খ. 'সরাইখানা' সনাতন সমাজকর্মের অন্যতম প্রতিষ্ঠান- ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের জমিদারের সংঘটিত এ কাজের উদ্দেশ্য কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. সমাজকল্যাণ প্রতিষ্ঠায় জমিদার বাবুর এ কাজের তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৫. ▶ মনিকা ও মুক্তা সমাজবিজ্ঞান ও সমাজকর্মের সম্পর্কে কথা বলছিল। মনিকা মুক্তাকে বলে সমাজকর্ম ও সমাজবিজ্ঞানের আলোচ্য বিষয় অভিন্ন এবং সমাজবিজ্ঞান সমাজকর্মের জ্ঞানের অন্যতম উৎস। মুক্তা মনিকার সাথে একমত পোষণ করে এবং বলে উভয় বিজ্ঞানের কেন্দ্রবিন্দু মানুষ এবং লক্ষ্য এক অভিন্ন।

ক. সমাজবিজ্ঞানের ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. পৌরনীতি বলতে কী বোঝায়? ২

Teachingbd.com

গ. মনিকার কথায় সমাজবিজ্ঞান ও সমাজকর্মের কোন ধরনের সম্পর্ক লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. মুক্তার বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

৬. ▶ ভিয়েতনামের লি. পে. নামের একজন সমাজকর্মী অটিস্টিক শিশুদের জন্য একটি শিশুপল্লি গড়ে তোলেন। এ সকল শিশুদের কারুপণ্য তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। বিভিন্ন কারুপণ্য তৈরি করে শিশুদের আত্মবিশ্বাস বেড়ে যায় এবং তারা সাধারণ শিশুদের সারিতে দাঁড়াতে শেখে।

ক. সমাজকর্ম পদ্ধতি কয়টি? ১


খ. সমাজকর্ম বলতে কী বোঝায়? ২

গ. লি.পে. কোন সমাজকর্ম পদ্ধতির মাধ্যমে অটিস্টিক শিশুদের সমস্যার সমাধান করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. সমস্যা সমাধানের জন্য লি.পে-এর পদ্ধতিই একমাত্র মৌলিক পদ্ধতি নয়- বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

৭. ▶ নিচের উদ্দীপকটি পড়ো এবং এর আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা কী? ১

খ. সামাজিক কার্যক্রম বলতে কী বোঝায়? ২

গ. বাংলাদেশকে ঘিরে আবর্তিত হওয়া উদ্দীপকের সমস্যা সমাধানে সমাজকর্মের মৌলিক পদ্ধতিগুলো কিভাবে প্রয়োগ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সমস্যাগুলো জন্য সমাজকর্মের পদ্ধতিগুলোর সুষ্ঠু সমন্বয় ও সংগঠনের অভাবই দায়ী-বিশ্লেষণ করো। ৪

৮. ▶ 'ঝাড়ু নয়, হাতে বই চাই'- লেখা সম্বলিত একটি বিলবোর্ড দেখে শেফা বলল, এই স্লোগান বাস্তবায়নের লক্ষ্যে সরকার জনগণের মধ্যে সামাজিক সচেতনতা সৃষ্টি করছে এবং সম্প্রতি একটি সামাজিক নীতি চূড়ান্ত করেছে।

ক. বাংলাদেশে নারী উন্নয়ন নীতি প্রণীত হয় কত সালে? ১

খ. সামাজিক নীতি প্রণয়নের উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত স্লোগানের মাধ্যমে কোন সামাজিক নীতির চিত্র ফুটে উঠেছে? বর্ণনা করো। ৩

ঘ. দেশ ও সমাজ উন্নয়নে শেফার উল্লিখিত নীতির উদ্দেশ্যসমূহ আলোচনা করো। ৪

৯. ▶ বর্তমান বিশ্বায়নের যুগে বিশ্বব্যাপী পারস্পরিক সহযোগিতার মাধ্যমে উন্নয়ন সাধনের লক্ষ্যে প্রতিষ্ঠা করা হয়েছে আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থা। বিশ্বের অনুন্নত ও দরিদ্র দেশগুলোর আর্থিক কারিগরি সহযোগিতায় আন্তর্জাতিক সংস্থাগুলো এগিয়ে আসছে। বিশ্বের সকল স্থানের সকল মানুষের কল্যাণ, নিরাপত্তা ও সুস্বাস্থ্যের নিশ্চয়তা বিধানের জন্য সমাজকর্মের আন্তর্জাতিক সহযোগিতার প্রয়োজন।

ক. বাংলাদেশে কখন, কাদের সহযোগিতায় সমাজকর্ম শিক্ষার সূচনা হয়? ১

খ. বাংলাদেশের সমাজকর্ম অনুশীলনের সূচনা বর্ণনা করো। ২

গ. বাংলাদেশের সমাজকর্মের বিকাশের সমস্যা বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশে সমাজকর্মের বিকাশ ও অনুশীলনে জাতিসংঘের ভূমিকা বর্ণনা করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  বিষয় কোড: ২ ৭ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **সমাজকর্ম সমাজকল্যাণ ব্যবস্থার কোন ধরনের প্রক্রিয়া?**
ক মৌল প্রক্রিয়া  খ সংগঠিত প্রক্রিয়া
গ বৈজ্ঞানিক প্রক্রিয়া  ঘ অসংগঠিত প্রক্রিয়া

২. **সমাজের সকল মানুষের জীবনমানের উন্নয়ন ঘটানো কোনটির গুরুত্বপূর্ণ লক্ষ্য?**
ক সমাজকর্ম  খ অর্থনীতি
গ মনোবিজ্ঞান  ঘ নৃ-বিজ্ঞান

৩. **সমাজকর্ম কীভাবে ব্যক্তি, দল ও সমষ্টির সমস্যা সমাধানে সাহায্য করে?**
ক অর্থের মাধ্যমে  খ শিক্ষার মাধ্যমে
গ বিভিন্ন পদ্ধতির মাধ্যমে
ঘ বিভিন্ন পরামর্শের মাধ্যমে

৪. **মাসুদ সাহেব একজন সমাজকর্মী। তিনি সেবা প্রদানের ক্ষেত্রে কী মেনে চলেন?**
ক ধর্মীয় আইন  খ রাষ্ট্রীয় আইন
গ সামাজিক আইন  ঘ পেশাদার নীতিমালা

৫. **সমাজের জটিল ও বিরূপ পরিস্থিতি মোকাবিলা করার জন্য কী প্রয়োজনীয়?**
ক মনোবল  খ অর্থ ও সম্পদ
গ পেশাদার সমাজকর্মী  ঘ সুশিক্ষিত কর্মী বাহিনী

৬. **সমাজকর্ম শিক্ষা অত্যাবশ্যক। এর যথার্থ কারণ কোনটি?**
ক মানুষের ক্ষমতার পুনরুদ্ধার
খ জ্ঞানের প্রসারতা বৃদ্ধি
গ সমাজের সার্বিক অবস্থা জানা
ঘ দরিদ্রদের অর্থনৈতিক সাহায্য দান

৭. **কবির সাহেব একজন সমাজকর্মী। সমাজকর্ম অনুশীলনের ক্ষেত্রে কবির সাহেবকে অনুসরণ করতে হয়—**
i. সকলের সমান অধিকার
ii. সামগ্রিক দৃষ্টিভঙ্গি
iii. আত্মনিয়ন্ত্রণাধিকার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৮. **সমাজকর্ম বিষয়ক পেশাগত সংগঠন থাকার যথার্থ কারণ হলো—**
i. পেশাগত উৎকর্ষতা সাধন
ii. পেশাগত নিরাপত্তা দান
iii. পেশাদার কর্মীদের আচার-আচরণ নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
ঈদের দিনের আনন্দকে আপনজনের সাথে ভাগাভাগি করার জন্য মানুষ বাস, ট্রেন ও লঞ্চের ছাদে কষ্ট করে গন্তব্যে পৌঁছায়। ঈদের সময় অনেকের সাথে সাক্ষাতের সুযোগ হয়।

৯. **উদ্দীপকে কোন ধরনের অনুষ্ঠানের আলোচনা করা হয়?**
ক ধর্মীয়  খ সামাজিক
গ পারিবারিক  ঘ রাজনৈতিক

১০. **উদ্দীপকের অনুষ্ঠানের মধ্যদিয়ে ফুটে উঠে—**
i. ভ্রাতৃত্ববোধ  ii. সামাজিক সম্প্রীতি
iii. স্বাভাবিক আচরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

১১. **বিশ্বে সর্বপ্রথম কোথায় সমাজকর্ম পেশার মর্যাদা অর্জন করে?**
ক ইংল্যান্ড  খ কানাডা
গ আমেরিকা  ঘ সুইজারল্যান্ড

১২. **ইংল্যান্ডের দান সংগঠন সমিতির ক্ষেত্রে নিচের কোনটি অধিক যুক্তিযুক্ত?**
ক ১৮৭৩  খ ১৮৬৯
গ ১৮৯৩  ঘ ১৮৯১

১৩. **প্রথম দরিদ্র আইনটি কে করেছেন?**
ক অষ্টম হেনরি  খ রানি এলিজাবেথ
গ স্যার স্টুয়ার্ট লক  ঘ রাজা তৃতীয় এডওয়ার্ড

১৪. **কোন যুগে ইংল্যান্ডে বিভিন্ন আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে দারিদ্র্য সমস্যা প্রকট আকার ধারণ করে?**
ক শিল্প যুগে  খ আদিম যুগে
গ আধুনিক যুগে  ঘ প্রাকশিল্প যুগে

১৫. **১৬০১ সালের দরিদ্র আইন কত সালে সংশোধিত হয়?**
ক ১৬৩৪  খ ১৭৩৪
গ ১৮৩৪  ঘ ১৮৩৪

১৬. **ইংল্যান্ডে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আদর্শ মডেল হিসেবে স্বীকৃত—**
ক বিভারিজ রিপোর্ট  খ দান সংগঠন সমিতি
গ ১৬০১ সালের দরিদ্র আইন
ঘ ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশন

১৭. **সর্বপ্রথম কে সমাজকর্মের পেশাগত শিক্ষার প্রস্তাব করেন?**
ক ম্যারি রিচমন্ড  খ থমাস চালমার্স
গ এ্যানা এল ডয়েস  ঘ আর এ স্কিডমোর

১৮. **নগরায়ণ সৃষ্টির যথাযথ কারণ কী?**
ক শিল্প বিপ্লব  খ সামাজিক উন্নয়ন
গ সামাজিক পরিবর্তন  ঘ প্রাকৃতিক দুর্যোগ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
দেলোয়ার স্যার ক্লাসে বললেন, উৎপাদনকে কেন্দ্র করে ইউরোপে আর্থ-সামাজিক, রাজনৈতিক ও মনস্তাত্ত্বিক ক্ষেত্রে এক আমূল আকস্মিক ও দ্রুত পরিবর্তন ঘটেছিল এক সময়।

১৯. **উদ্দীপকে উৎপাদনকে কেন্দ্র করে সংঘটিত ঘটনাটির নাম কী?**
ক শিল্পায়ন  খ শহরায়ন
গ রুশ বিপ্লব  ঘ শিল্প বিপ্লব

২০. **উদ্দীপকের ঘটনাটির ইতিবাচক প্রভাব কোনটি?**
i. বস্তুগত উন্নয়ন
ii. সমাজকর্মের উদ্ভব
iii. জটিল সমস্যার উদ্ভব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২১. **মাঝির কাজটিকে বৃত্তি বলা হয় কেন?**
ক সর্বদা কাজ করতে হয় বলে
খ সুসংগঠিত কাজ বলে
গ শারীরিক সামর্থ্যের প্রয়োজন নেই বলে
ঘ তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞানের প্রয়োজন নেই বলে

teachingbd.com

২২. **গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠার প্রয়োজন কেন?**
ক) গণতন্ত্রের চর্চা করার জন্য
খ) গণতন্ত্র সম্পর্কে জানার জন্য
গ) জীবনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য
ঘ) ব্যক্তি স্বাধীনতা নিশ্চিত করার জন্য

২৩. **ব্যক্তির অন্তর্নিহিত মূল্য ও মর্যাদার যথাযথ স্বীকৃতি প্রদান করা হলে—**
i. ব্যক্তির মধ্যকার সুপ্ত প্রতিভার বিকাশ সাধিত হয়
ii. ব্যক্তির মধ্যে কর্মবিমুখতার মনোভাব সৃষ্টি হয়
iii. ব্যক্তির মধ্যে আত্মবিশ্বাসের সৃষ্টি হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. **প্রত্যেক পেশাতেই পেশাদার ব্যক্তিকে পেশাগত কাজ সম্পর্কে বিশেষ নৈপুণ্য ও দক্ষতার অধিকারী হতে হয়—**
i. তাত্ত্বিক শিক্ষার মাধ্যমে
ii. ব্যবহারিক শিক্ষার মাধ্যমে
iii. প্রশিক্ষণের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. **অবস্তুগত সম্পদের মধ্যে বিশেষ করে কোনটির উন্নয়নে সমাজকর্ম বিশেষভাবে ক্রিয়াশীল?**
ক) মেধার বিকাশে
খ) শিক্ষার প্রসার
গ) মানবসম্পদ উন্নয়ন
ঘ) দাম্পত্য সম্পর্ক উন্নয়নে

২৬. **সমাজের পরিকল্পিত ও বাঞ্ছিত উন্নয়নে কোন পেশাটির গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনস্বীকার্য?**
ক) সমাজকর্ম খ) শিক্ষকতা
গ) সাংবাদিকতা ঘ) আইন পেশা

২৭. **সমাজকর্মে বিশ্বাস করা হয় যে সমাজস্থ প্রতিটি মানুষের মধ্যেই কোনো না কোনো সুপ্ত প্রতিভা রয়েছে। এটি কোন মূল্যবোধের পরিচায়ক?**
ক) গণতান্ত্রিক অধিকার খ) স্বনির্ভরতা অর্জন
গ) আত্মনিয়ন্ত্রণ অধিকার ঘ) মূল্য ও মর্যাদার স্বীকার

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' তার ব্যক্তিগত সমস্যা সমাধানের প্রত্যাশায় একজন সমাজকর্মীর কাছে গেলেন। সমাজকর্মীকে বিষয়টি প্রকাশ না করার শর্তে খুলে বলেন। সমাজকর্মী বিষয়টি অনুধাবন করে তাকে সমস্যা সমাধানে সহায়তা করেন।

২৮. **উদ্দীপকে সমাজকর্মী এক্ষেত্রে সমাজকর্মের কোন নীতিটি অনুসরণ করেন?**
ক) যোগাযোগের নীতি খ) অংশগ্রহণের নীতি
গ) গোপনীয়তার নীতি ঘ) আত্মসচেতনতার নীতি

২৯. **উক্ত নীতি গ্রহণের ফলে—**
i. পেশাগত সম্পর্ক গভীর হবে
ii. সমস্যার দ্রুত সমাধান হবে
iii. সমস্যাগ্রস্ত ব্যক্তি দ্বিধাহীনভাবে সমস্যা বর্ণনা করবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. **কোনটির মাধ্যমে উন্নত ও সুখী সমাজ গঠন করা সমাজকর্মের অন্যতম উদ্দেশ্য?**
ক) সুসংগঠিত সেবার মাধ্যমে
খ) কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে
গ) আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে
ঘ) অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের মাধ্যমে

৩১. **সমাজকর্মের প্রাচীন পদ্ধতি কোনটি?**
ক) ব্যক্তি সমাজকর্ম খ) দল সমাজকর্ম
গ) সমষ্টি উন্নয়ন ঘ) সমাজকর্ম গবেষণা

৩২. **সমাজকর্মী ও সাহায্যার্থীর মাঝে ভাব অনুভূতি ও সমস্যা সংক্রান্ত চিন্তাকে কী বোঝায়?**
ক) গ্রহণ খ) যোগাযোগ
গ) অংশগ্রহণ ঘ) আত্মনিয়ন্ত্রণ

৩৩. **সমস্যা সমাধান প্রক্রিয়ায় সেবাদানের আনুষ্ঠানিক সমাপ্তি ঘটে কোন স্তরে?**
ক) প্রেরণ খ) সমাপ্তি
গ) মূল্যায়ন ঘ) সমাধান

৩৪. **শাহিন একজন সমাজকর্মী। জনসংখ্যা সম্পর্কিত বিভিন্ন কর্মসূচি প্রণয়নের জন্য তার কোন বিষয়ে জ্ঞানার্জন করা প্রয়োজন?**
ক) সমাজকর্ম খ) জনবিজ্ঞান
গ) রাষ্ট্রবিজ্ঞান ঘ) জীববিজ্ঞান

৩৫. **সামাজিক নীতি ও কর্মসূচি বাস্তবায়িত হয় কীভাবে?**
ক) আইন পেশার মাধ্যমে
খ) চিকিৎসা পেশার মাধ্যমে
গ) সমাজকর্ম পেশার মাধ্যমে
ঘ) সাংবাদিকতা পেশার মাধ্যমে

৩৬. **সমাজকর্ম পেশা ব্যক্তি বা প্রতিষ্ঠানের তথ্য গোপন করে অনুসন্ধান করে কীভাবে?**
ক) গবেষণার মাধ্যমে খ) সেবার মাধ্যমে
গ) আলোচনার মাধ্যমে ঘ) প্রশিক্ষণের মাধ্যমে

৩৭. **সৌহার্দ্যমূলক সমাজব্যবস্থা গড়ে তোলার যথার্থ কারণ হলো—**
i. স্বনির্ভর জাতি গঠন
ii. সুস্থ ও সুন্দর সমাজ গঠন
iii. সহযোগিতামূলক সম্পর্ক স্থাপন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব লতিফ পেশায় একজন লেকচারার। তিনি শ্রেণিকক্ষে বাংলাদেশসহ বিভিন্ন দেশের সরকার, রাষ্ট্রব্যবস্থা, জনগণের অধিকার ও কর্তব্য নিয়ে আলোচনা করে। উন্নত ও অনগ্রসর নাগরিক জীবন আলোচনার সাথে সাথে অনগ্রসর সমাজও তার আলোচনায় উঠে আসে।

৩৮. **উদ্দীপকে জনাব লতিফ কোন বিষয়ের লেকচারার?**
ক) পৌরনীতি খ) অর্থনীতি
গ) সমাজকর্ম ঘ) সমাজবিজ্ঞান

৩৯. **উদ্দীপকে জনাব লতিফের মূল আলোচ্য বিষয়—**
i. সুশাসন ii. রাষ্ট্র
iii. নাগরিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. **পাকিস্তান সরকার জাতিসংঘের কাছে পরামর্শ ও সাহায্যের আবেদন জানায় কখন?**
ক) ১৯৫০ সালে খ) ১৯৫১ সালে
গ) ১৯৫২ সালে ঘ) ১৯৫৩ সালে

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক |
| ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com